

যমযম কূয়া ও মক্কার নেতৃত্ব (بئر زمزم وقيادة مكة)

মক্কার প্রধান আকর্ষণ হ'ল যমযম কূয়া ও কা'বাগৃহ। দু'টিই আল্লাহর অপূর্ব কুদরতের জ্বলন্ত নিদর্শন। যমযম ও কা'বাগৃহের সেবা ও তত্ত্বাবধান কার্যের মধ্যে যেমন তাদের উচ্চ মর্যাদা নিহিত ছিল, তেমনি উক্ত মর্যাদা লাভের প্রতিযোগিতাই ছিল তাদের মধ্যকার পারস্পরিক রেষারেষি ও হানাহানির অন্যতম প্রধান কারণ।

তৃষিত হাজেরা ও তার দুগ্ধপোষ্য সন্তান ইসমাইলের স্বার্থে আল্লাহর হুকুমে সেখানে যমযম কূয়ার সৃষ্টি হয় (বুখারী হা/৩৩৬৪)। পরবর্তীতে এই পানিকে কেন্দ্র করেই ইয়ামন থেকে আগত

ব্যবসায়ী কাফেলা বনু জুরহূমের মাধ্যমে মক্কায়
জনবসতি গড়ে উঠে। এরপর ইবরাহীম ও
ইসমাইলের মাধ্যমে আল্লাহর হুকুমে সেখানে
কা'বাগৃহ নির্মিত হয় (বাক্বারাহ ২/১২৫)। ইসমাইল
তাদের মধ্যে বিবাহ করেন। অতঃপর তাঁর সন্তানেরা
বংশ পরম্পরায় যমযম ও কা'বার মর্যাদাপূর্ণ
দায়িত্বে আসীন ছিলেন। কিন্তু পরবর্তীতে বনু
জুরহূম সেখানে বিপর্যয় সৃষ্টি করে এবং কিছু
হারামকে হালাল করে। তারা বহিরাগতদের উপর
যুলুম করে। এমনকি কা'বার উদ্দেশ্যে প্রদত্ত
উপটৌকনাদি ভক্ষণ করে। ফলে আল্লাহ তাদের
হাত থেকে দায়িত্ব ছিনিয়ে নেন এবং বনু বকর বিন

‘আবদে মানাত(عبد مناة) বিন কিনানাহ ও গুবশান
বিন খোযা’আহর মাধ্যমে তাদেরকে হটিয়ে দেন।
বনু জুরহুম মক্কা থেকে বিতাড়িত হয়ে ইয়ামনে
ফিরে যাওয়ার সময় যমযম কূয়া বন্ধ করে দিয়ে
যায়। পরবর্তীতে বনু বকরকে হটিয়ে বনু খোযা’আহ
মক্কার একক ক্ষমতায় আসে এবং তারা কয়েক যুগ
ধরে উক্ত মর্যাদায় আসীন থাকে। এ সময় কুরায়েশ
বংশ বিচ্ছিন্ন ও বিভক্ত ছিল। পরে তারা কুছাই বিন
কিলাবের নেতৃত্বে ঐক্যবদ্ধ হয় এবং মক্কার
ক্ষমতায় আসে। কুছাই ছিলেন রাসূলুল্লাহ (ছাঃ)-এর
পরদাদা হাশেমের দাদা। কুছাই খোযা’আহ গোত্রের
শেষ নেতা হুলাইল বিন হুবশিইয়াহ(حُلَيْلُ بْنُ حُبَشِيَّة)

এর কন্যা হুব্বা (حُبَّى)-কে বিবাহ করেন বিধায় তারা পরবর্তীতে সর্বদা বনু হাশেমের মিত্র ছিল এবং তারা রাসূল (ছাঃ)-কে তাদের 'ভাগিনার সন্তান' বলত। তাছাড়া বনু খুযা'আহ ধারণা করত যে, তাদের নেতা হুলাইল তার জামাতা কুছাইকে পরবর্তী নেতা হিসাবে অর্ছিয়ত করে গেছেন (ইবনু হিশাম ১/১১৩-১৮)। এভাবে মক্কার নেতৃত্বে ছিলেন প্রথমে বনু জুরহুম। অতঃপর বনু খুযা'আহ। অতঃপর বনু কুরায়েশ। রাসূল (ছাঃ)-এর আবির্ভাবকালে কুরায়েশ বংশ মক্কার নেতৃত্বে ছিল। অনুমান করা হয়ে থাকে যে, বনু জুরহুম ২১০০ বছর, বনু খুযা'আহ ৩০০ বছর মক্কা শাসন করেন। তাদের

পর থেকে কুরায়েশ বংশ মক্কা শাসন করে (আর-
রাহীক ২৮-২৯)।

পক্ষান্তরে বনু খোযা'আহর হাতে ইতিপূর্বে
বিতাড়িত বনু বকর সর্বদা রাসূল (ছাঃ)-এর বিরোধী
জোটের মিত্র ছিল। সেকারণ পরবর্তীতে বনু
খোযা'আহর উপর বনু বকরের হামলা ও
হত্যাকাণ্ডের ফলেই হোদায়বিয়ার সন্ধি ভেঙ্গে যায়
এবং মক্কা বিজয় ত্বরান্বিত হয়। কুরায়েশ বংশ ছিল
বনু ইসমাইলের শ্রেষ্ঠ শাখা এবং কুরায়েশ বংশের
শ্রেষ্ঠ শাখা ছিল বনু হাশেম গোত্র।